**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
**জয়দেবপুর, গাজীপুর**

স্মারক নং-বি-৬৭১/২০১৬/প্রশাসন/১৬৪৭৮

তারিখ: ১২-০৬-২০১৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ তৈলবীজ ও ডাল ফসলের গবেষণা এবং উন্নয়ন" শীর্ষক প্রকল্পের নিম্নবর্ণিত পদ প্রকল্প বাস্তবায়ন সময়সীমা তথা ৩০-০৬-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম. নং | পদের নাম ও সাকুল্য বেতন | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক সাকুল্য বেতন- ১৬১১৫/- | ১ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণসহ কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতিসম্পন্ন হইতে হইবে। | |

২। আবেদনকারী প্রার্থীদের নির্ধারিত **চাকরির আবেদন ফরম** এ আবেদন করতে হবে। চাকরির আবেদন ফরমটি **www.bari.gov.bd** ওয়েব সাইটে পাওয়া যাবে।

৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র
(গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৪(চার) কপি রঙ্গিন ছবি
(ঘ) নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও স্থায়ী নিবাস সনদপত্র জমা দিতে হবে।
(ঙ) সকল সনদপত্রের ফটোকপি, ছবি ও অন্যান্য কাগজপত্র (যদি থাকে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীসহ সীল ও স্বাক্ষর থাকতে হবে।
(চ) সাক্ষাৎকারের সময় সকল মূল সনদপত্র পেশ করতে হবে।

৪। সরকারি নিয়োগ বিধি অনুসারে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা)। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা সনদপত্র, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এবং **মুক্তিযোদ্ধা কোটাভুক্ত আবেদনকারীকে নিম্নেবর্ণিত ছক পূরণ পূর্বক এতদ্‌সংক্রান্ত প্রামানিক দলিলাদির কপি আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।**

**ছক**

| মুক্তি যোদ্ধার নাম | পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তি বার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রামানক | মন্তব্য/ ভারতীয় তালিকায় যদি থাকে নম্বর ও কপি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| | | | | | | | | | | |

৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সাথে তাঁদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদপত্র, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। পরবর্তীতে এতদ্‌সংক্রান্ত সনদপত্র দাখিল করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৬। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। আবেদনকারীর বয়স ৩১-০৫-২০১৬ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। আবেদনপত্রের সাথে মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লি:, বিএআরআই শাখা, জয়দেবপুর, গাজীপুর বরাবর সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযোজন করতে হবে।

৯। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যারা নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হবেন শুধুমাত্র তাদেরকেই লিখিত/প্রায়োগিক/সাক্ষাতকার/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। পদের সংখ্যা নির্ধারণ (হ্রাস/বৃদ্ধিকরণ) এবং নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর বরাবর আগামী ১৪-০৭-২০১৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।

১১। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১২। **প্রার্থীকে খামের উপর আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।**

উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে. মি.
ছবি
(সম্প্রতি তোলা, চার কপি)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | | | তারিখ : | দি ন মা স ব ৎ স র |
| ৩. | প্রার্থীর নাম : | বাংলায় : | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | |
| ৫. | জন্ম তারিখ : | | ৬. জন্মস্থান ( জেলা) : | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম : | | | | |
| ৯. | পিতার নাম : | | | | |
| ১০. | ঠিকানা : | | বর্তমান | | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | | | |
| | ডাকঘর : | | | | |
| | পোস্টকোড নম্বর : | | | | |
| | উপজেলা : | | | | |
| | জেলা : | | | | |
| ১১. | যোগাযোগ : | | মোবাইল/টেলিফোন নম্বর | | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা : | | | ১৩. | জেন্ডার : |
| ১৪. | ধর্ম : | | | ১৫. | পেশা : |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা : | | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | | তারিখ : | দি ন মা স ব ৎ স র |
| | ব্যাংক ও শাখার নাম : | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদপত্র ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ : দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর